[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সাথে জড়িত আছে মর্মে প্রাথমিক তদন্তে প্রতীয়মান হয়েছে।

এছাড়া তদন্তকালে আরও জানাযায় যে, ধৃত আসামীর বিরুদ্ধে একাধিক ছাত্রী এবং অভিভাবক যৌন নিপীড়ন এর লিখিত অভিযোগ স্কুলের প্রধান শিক্ষক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করেছিলেন, যাহার একটি অভিযোগের প্রেক্ষিতে ধৃত আসামীকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় অর্থদন্ড প্রদান করেন এবং অন্যান্য অভিযোগ গুলি লিখিত ও মৌখিকভাবে সতর্ক করে। উক্ত আসামীকে নিয়ে শিক্ষক, ছাত্রী ও অভিভাবকদের মধ্যে বিরুপ প্রতিক্রিয়া রয়েছে।বর্তমানে মামলাটির তদন্ত চলছে। দামুড়হুদা মডেল থানার মামলা নং—১৮, তাং—২৫/০৪/২০২৫ খ্রিঃ, ধারা— ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী ২০০৩) এর ৯(১)।
এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ হুমায়ুন কবির বলেন, ঢাকা আশুলিয়া থানা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়েছে। গতকালই আসামীকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

সরকারি চাকরি ছেড়ে হলেন আওয়ামী লীগ নেতা

চারদিন আগে সরকারি চাকরি ছেড়ে আওয়ামী লীগের উপজেলা সম্পাদকের দায়িত্ব পেলেন আবুল কালাম আযাদ। আবুল কালাম আযাদ মেহেরপুরের মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের ইসলামের ইতিহাস বিভাগের প্রভাষক। গত ৫মে তিনি অবসরের জন্য আবেদন জমা দিয়েছেন। কিন্তু ৭মে পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল। তাহলে কিভাবে তিনি ৫মে আবেদন জমা দিলেন তা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে।

ঘটনাটি ঘটেছে মেহেরপুরের মুজিবগর উপজেলায়। সোমবার ৯ মে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলনে তিনি সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন।

সোমবার মুজিবনগর কমপ্লেক্স মিলনায়তনে উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শেষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ